"শেখ হাসিনার বারতা
নারী-পুরুষ সমতা"

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়
সমন্বয় শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
www.mowca.gov.bd

নং-৩২.০০.০০০০.০৪২.২৩.০১০.২৩.

তারিখঃ অগ্রহায়ন ১৪৩০
নভেম্বর ২০২৩

বিষয়ঃ বেগম রোকেয়া দিবস ২০২৩ ও পদক প্রদান অনুষ্ঠান যথাযোগ্য মর্যাদায় উদ্যাপনের লক্ষ্যে আন্ত:মন্ত্রণালয় সভার কার্যবিবরণী:-

সভাপতি	ঃ	ফজিলাতুন নেসা ইন্দিরা, এমপি মাননীয় প্রতিমন্ত্রী, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়
তারিখ ও সময়	ঃ	২৮/১১/২০২৩ তারিখ, সকাল ১১.০০ ঘটিকা।
সভার স্থান	ঃ	বাংলাদেশ শিশু একাডেমির সভাকক্ষ (দোয়েল চত্বর, শাহবাগ, ঢাকা)।

উপস্থিত কর্মকতাবৃন্দের তালিকা : পরিশিষ্ট-'ক'

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভায় মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ের সচিব জনাব নাজমা মোবারেক, অতিরিক্ত সচিবসহ সকল দপ্তর সংস্থার প্রধানগণ বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগের প্রতিনিধি এবং গঠিত সকল উপকমিটির আহবায়ক ও সদস্য সচিব উপস্থিত ছিলেন। সচিব আগামী ০৯ ডিসেম্বর ২০২৩ তারিখে বেগম রোকেয়া দিবসের অনুষ্ঠানে মাননীয় প্রধানমন্ত্রীর সরাসরি উপস্থিতির বিষয়টি অবহিতক্রমে এ বিষয়ে সংশ্লিষ্ট সকলকে প্রয়োজনীয় সহযোগিতা প্রদানের আহবান জানান।

২। অতঃপর সভাপতির অনুমতিক্রমে অতিরিক্ত সচিব (শিশু ও সমন্বয়) সভার কার্যপত্র ও চেকলিস্ট উপস্থাপন করেন। সভায় প্রতিটি কমিটি ভিত্তিক আলোচনাক্রমে সার্বিক প্রস্তুতি পর্যালোচনা করা হয়। সভায় বিস্তারিত আলোচনাক্রমে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ সর্বসম্মতভাবে গৃহীত হয়ঃ

ক্রঃ নং	আলোচ্য সূচি	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী কর্তৃপক্ষ
১.	অনুষ্ঠানের ভেন্যু নির্ধারণ	গণপূর্ত মন্ত্রণালয় হতে ১৬/১১/২০২৩ তারিখে বিনা ভাড়ায় ওসমানী স্মৃতি মিলনায়তন বরাদ্দের অনুমতি পত্র পাওয়া গিয়েছে।	বেগম রোকেয়া দিবস ২০২৩ উদ্‌যাপন অনুষ্ঠান ওসমানী স্মৃতি মিলনায়তনে অনুষ্ঠিত হবে।	মশিবিম
২.	প্রধান অতিথির আসন অলংকৃতকরণের সানুগ্রহ অনুমোদন	বেগম রোকেয়া দিবস ও বেগম রোকেয়া পদক প্রদান উপলক্ষ্যে আয়োজিত অনুষ্ঠানে মাননীয় প্রধানমন্ত্রী প্রধান অতিথির আসন অলংকৃত করতে সার-সংক্ষেপে ২২/১১/২০২৩ তারিখে সদয় সম্মতি জ্ঞাপন করেছেন।	মাননীয় প্রধানমন্ত্রীর সম্মতি জ্ঞাপন করেছেন।	মশিবিম
৩.	বেগম রোকেয়া পদক ২০২৩ ও বেগম রোকেয়া পদক প্রদান উদযাপন উপলক্ষ্যে খসড়া অনুষ্ঠানসূচি অনুমোদন	সার-সংক্ষেপ ও অনুষ্ঠানসূচি মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক সদয় অনুমোদিত হয়েছে।	মাননীয় প্রধানমন্ত্রী অনুষ্ঠানসূচি সদয় অনুমোদন করেছেন।	মশিবিম
৪.	সাংস্কৃতিক অনুষ্ঠান আয়োজন	১৫ মিনিট ব্যপ্তির একটি সাংস্কৃতিক অনুষ্ঠানের অগ্রগতির বিষয়ে আলোচনা করা যায়।	১৫ মিনিট ব্যপ্তির একটি সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজনের জন্য মহিলা বিষয়ক অধিদপ্তরকে দায়িত্ব প্রদান করা হয়।	মহাপরিচালক, মবিঅ

৫.	ভেন্যুর আশে পাশে তোরণ নির্মাণ/ ব্যাকড্রপস্ক্রীন/ ব্যানার টানানো ইত্যাদি সংক্রান্ত	ভেন্যুর বহিরাঙ্গানে তোরণ, ব্যাকড্রপ স্ক্রীন, ব্যানার ইত্যাদির ডিজাইন চূড়ান্ত করে মাননীয় প্রতিমন্ত্রীর অনুমোদন গ্রহণ করতে হবে।	ভেন্যুর বহিরাঙ্গানে তোরণ, ব্যাকড্রপ স্ক্রীন, ব্যানার ইত্যাদির ডিজাইন চূড়ান্ত করে মাননীয় প্রতিমন্ত্রীর অনুমোদন গ্রহণ করতে হবে।	সংশ্লিষ্ট উপকমিটি
৬.	স্বর্ণ পদক তৈরি সংক্রান্ত	পদকে নাম খোদাইয়ের আগে স্বর্ণ পদকের খাঁটিত্ব ও ওজন পরিমাপ করার জন্য ভেজালমুক্ত স্বর্ণ পদক তৈরী সংক্রান্ত কমিটির সভা ২৯/১১/২০২৩ তারিখে আহবান করা হয়েছে।	পদকে নাম খোদাইয়ের পূর্বে ও পরে স্বর্ণ পদকের খাঁটিত্ব ও ওজন পরিমাপ করে বুঝে নেয়ার জন্য ভেজালমুক্ত স্বর্ণ পদক তৈরী সংক্রান্ত সমন্বয় কমিটি প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে।	স্বর্ণ পদক তৈরি সংক্রান্ত সমন্বয় কমিটি
৭.	প্রার্থী নির্বাচন সংক্রান্ত	পদকের জন্য চুড়ান্ত মনোনীত ৫ (পাঁচ) জন বিশিষ্ট নারীর নামের তালিকা পাওয়া গিয়েছে। পরবর্তী কার্যক্রম চলমান রয়েছে।	পরবর্তী কার্যক্রম গ্রহণ করতে হবে।	মশিবিম, মন্ত্রিপরিষদ বিভাগ, সংশ্লিষ্ট উপকমিটি
৮.	অনুষ্ঠানস্থল প্রস্তুতকরণ ও সাজসজ্জা এবং মঞ্চ সজ্জা সংক্রান্ত	সংশ্লিষ্ট উপ-কমিটি এ কার্যক্রম গ্রহণ করবে এবং এসব বিষয়ে সার্বক্ষণিক মাননীয় প্রতিমন্ত্রী ও সচিব মহোদয়কে কার্যক্রম সম্পর্কে অবহিত করবে।	অনুষ্ঠানস্থল প্রস্তুতকরণ, সাজসজ্জা এবং মঞ্চ সজ্জা কার্যক্রমের অগ্রগতি মহিলা বিষয়ক অধিদপ্তর সার্বক্ষণিক মাননীয় প্রতিমন্ত্রী ও সচিব মহোদয়কে অবহিত করতে হবে।	সংশ্লিষ্ট উপকমিটি
৯.	ভেন্যুর সার্বিক নিরাপত্তার ব্যবস্থাকরণ	জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়ে পত্র প্রেরণ করা হয়েছে। জননিরাপত্তা বিভাগের প্রতিনিধি জানান সকল নিরাপত্তার ব্যবস্থা গ্রহণ করা হবে।	জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়কে এ বিষয়ে পত্র প্রেরণ করতে হবে।	সমন্বয় শাখা, মশিবিম
১০.	পরিস্কার-পরিচ্ছন্নতা	ঢাকা দক্ষিণ/উত্তর সিটি কর্পোরেশনে ২৬/১১/২০২৩ তারিখে পত্র প্রেরণ করা হয়েছে। প্রতিনিধি জানান যথাসময়ে সার্বিক ব্যবস্থা গ্রহণ করা হবে।	ঢাকা দক্ষিণ/উত্তর সিটি কর্পোরেশনকে এ বিষয়ে পত্র প্রেরণ করতে হবে।	সমন্বয় শাখা, মশিবিম
১১.	SMS প্রস্তুত/ প্রেরণ	দিবসটির তাৎপর্য তুলে ধরে মোবাইল গ্রাহককে SMS প্রেরণের জন্য বাংলাদেশ টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ কমিশনে পত্র প্রেরণ করতে হবে।	SMS প্রেরণের জন্য বাংলাদেশ টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ কমিশনে পত্র প্রেরণ করতে হবে।	সমন্বয় শাখা, মশিবিম।
১২.	অগ্নি নির্বাপন ব্যবস্থা	অগ্নি নির্বাপনের ব্যবস্থা গ্রহণের জন্য সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয় ও মহাপরিচালক, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর ও সুরক্ষা সেবা বিভাগে ২৬/১১/২০২৩ তারিখে পত্র প্রেরণ করা হয়েছে। সুরক্ষা সেবা বিভাগের প্রতিনিধি জানান প্রতিবারের মত এবারও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হবে।	অগ্নি নির্বাপনের ব্যবস্থা গ্রহণের জন্য সুরক্ষা সেবা বিভাগ,স্বরাষ্ট্র মন্ত্রণালয় ও মহাপরিচালক, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তরে পত্র প্রেরণ করতে হবে।	সমন্বয় শাখা, মশিবিম
১৩.	অনুষ্ঠানের আলোকচিত্র গ্রহণ সংক্রান্ত	অনুষ্ঠানের আলোকচিত্র গ্রহণের জন্য তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয় এবং প্রধান তথ্য কর্মকর্তা, পিআইডিকে ২৬/১১/২০২৩ তারিখে পত্র প্রেরণ করা হয়েছে।	অনুষ্ঠানের আলোকচিত্র গ্রহণের জন্য তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয় এবং প্রধান তথ্য কর্মকর্তা, পিআইডিকে পত্র প্রেরণ করতে হবে।	সমন্বয় শাখা, মশিবিম

১৪.	নিরবিচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহ সংক্রান্ত	বিদ্যুৎ বিভাগকে ২৬/১১/২০২৩ তারিখে পত্র প্রেরণ করা হয়েছে ।	এ বিষয়ে বিদ্যুৎ বিভাগকে পত্র প্রেরণ করতে হবে।	সমন্বয় শাখা, মশিবিম
১৫.	অনুষ্ঠান সরাসরি বাংলাদেশ বেতার/ বিটিভিতে সম্প্রচার সংক্রান্ত	এ লক্ষ্যে প্রধানমন্ত্রীর প্রেস সচিব, তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়ে ২৬/১১/২০২৩ তারিখে পত্র প্রেরণ করা হয়েছে। বাংলাদেশ বেতারের প্রতিনিধি জানান প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হবে।	এ বিষয়ে তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়কে পত্র প্রেরণ করতে হবে।	সমন্বয় শাখা, মশিবিম
১৬.	পদক প্রাপ্ত ব্যক্তিগণের সংক্ষিপ্ত জীবনী তৈরি ও প্রেজেন্টেশন প্রস্তুত	পদকের জন্য মনোনীতদের সংক্ষিপ্ত জীবনীসহ বুকলেট মুদ্রণের সফটকপি মহিলা বিষয়ক অধিদপ্তরে প্রেরণ করা হয়েছে। প্রচার ও প্রকাশনা উপ-কমিটি প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে।	সংশ্লিষ্ট উপ-কমিটি এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে।	সংশ্লিষ্ট উপ-কমিটি
১৭.	সম্মাননাপত্রে মাননীয় প্রধানমন্ত্রীর স্বাক্ষর গ্রহণ	পদকের জন্য মনোনীত নারীদের নামে প্রস্তুতকৃত সম্মাননাপত্রে মাননীয় প্রধানমন্ত্রীর স্বাক্ষর গ্রহণের জন্য প্রধানমন্ত্রীর কার্যালয়ে প্রেরণ করা হয়েছে।	নির্বাচিত পদক প্রাপ্তদের সম্মাননাপত্রে মাননীয় প্রধানমন্ত্রীর স্বাক্ষর গ্রহণের ব্যবস্থা গ্রহণ করতে হবে।	মশিবিম ও সংশ্লিষ্ট উপ-কমিটি
১৮.	ঘোষক/ঘোষিকা, ইশারা/ সাংকেতিক ভাষায় উপস্থাপনের জন্য উপস্থাপনকারী নির্বাচন	অনুষ্ঠানের ঘোষক/ঘোষিকা, ইশারা/ সাংকেতিক ভাষায় উপস্থাপনকারী নির্বাচনের জন্য বিটিভি হতে তথ্য পাওয়া গিয়েছে এবং নথি উপস্থাপন করা হয়েছে।	বাংলাদেশ টেলিভিশনে পত্র প্রেরণ করতে হবে।	সমন্বয় শাখা, মশিবিম
১৯.	মহামান্য রাষ্ট্রপতি, মাননীয় প্রধানমন্ত্রী, মাননীয় প্রতিমন্ত্রী ও সচিব মহোদয়ের বাণীর খসড়া প্রস্তুতকরণ	মহামান্য রাষ্ট্রপতি, মাননীয় প্রধানমন্ত্রী, মাননীয় প্রতিমন্ত্রী ও সচিব মহোদয়ের বাণীর খসড়া স্ব স্ব দপ্তরে প্রেরণ করা হয়েছে। প্রধানমন্ত্রীর কার্যালয় হতে মাননীয় প্রধানমন্ত্রীর বাণী পাওয়া গিয়েছে।	মাননীয় প্রধানমন্ত্রী, মহামান্য রাষ্ট্রপতি, মাননীয় প্রতিমন্ত্রী ও সচিব মহোদয়ের বাণীর খসড়া অনুমোদিত হলে পরবর্তী কার্যক্রম গ্রহণ করতে হবে।	সমন্বয় শাখা, মশিবিম
২০.	মাননীয় প্রধানমন্ত্রী, মাননীয় প্রতিমন্ত্রী ও সচিব মহোদয়ের ভাষণের খসড়া প্রণয়ন	মাননীয় প্রধানমন্ত্রীর ভাষণের খসড়া প্রধানমন্ত্রীর কার্যালয়ে, মাননীয় প্রতিমন্ত্রী ও সচিব মহোদয়ের বক্তব্যের খসড়া মাননীয় প্রতিমন্ত্রী ও সচিব মহোদয়ের দপ্তরে প্রেরণ করা হয়েছে।	মাননীয় প্রধানমন্ত্রী, মাননীয় প্রতিমন্ত্রী ও সচিব মহোদয়ের ভাষণের খসড়া অনুমোদিত হলে পরবর্তী কার্যক্রম গ্রহণ করতে হবে।	সমন্বয় শাখা, মশিবিম
২১.	অতিথিদের নামের তালিকা প্রণয়ন	অতিথিদের নামের তালিকা মহিলা বিষয়ক অধিদপ্তর হতে পাওয়া গিয়েছে এবং নথিতে উপস্থাপন করা হয়েছে।	অতিথিদের নামের তালিকা মাননীয় প্রতিমন্ত্রীর অনুমোদন সাপেক্ষে পরবর্তী কার্যক্রম গ্রহণ করতে হবে।	মশিবিম ও মবিঅ
২২.	প্রণীত তালিকা অনুযায়ী খাম মুদ্রণ, তদারকি ও বিতরণ	নির্ভুল দাওয়াত পত্র ও খাম মুদ্রণ এবং দাওয়াত পত্র বিতরণ বিষয়ে সংশ্লিষ্ট উপ-কমিটিকে কার্যক্রম গ্রহণ করতে হবে।	নির্ভুল দাওয়াত পত্র ও খাম মুদ্রণ এবং দাওয়াত পত্র বিতরণ বিষয়ে সংশ্লিষ্ট উপ-কমিটিকে কার্যক্রম গ্রহণ করতে হবে।	সংশ্লিষ্ট উপ-কমিটি/ মশিবিম
২৩.	পদকের জন্য মনোনীতদের মধ্যে পদক বিতরণ/গ্রহণে সহায়তা করা।	মহিলা বিষয়ক অধিদপ্তর এবং মন্ত্রণালয়ের মনোনীত কর্মকর্তাদের দায়িত্ব বিভাজন করে দেয়ার বিষয়ে নথি উপস্থাপন করা হয়েছে।	এ বিষয়ে সংশ্লিষ্ট উপ-কমিটিকে কার্যক্রম গ্রহণ করতে হবে।	সংশ্লিষ্ট উপ-কমিটি
২৪.	অনুষ্ঠানের পান্ডুলিপি তৈরী	অনুষ্ঠানের পান্ডুলিপি মহিলা বিষয়ক অধিদপ্তর হতে পাওয়া গিয়েছে, নথি উপস্থাপন করা হয়েছে। অনুমোদন সাপেক্ষে পরবর্তী ব্যবস্থা গ্রহণ করবে।	অনুষ্ঠানের পান্ডুলিপির বিষয়ে সংশ্লিষ্ট উপ-কমিটি কার্যক্রম গ্রহণ করবে।	সংশ্লিষ্ট উপ-কমিটি

২৫.	পদক প্রাপ্তদের, ঘোষক/ঘোষিকা, ইশারা ভাষাকারীর ও পদক প্রাপ্তদের অনুষ্ঠানস্থলে নিয়ে আসা ও পৌছানোর ব্যবস্থা করা	এ বিষয়ে নথি উপস্থাপন করা হয়েছে। সংশ্লিষ্ট উপ-কমিটি প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে।	প্রস্তাবিত সংশ্লিষ্ট উপ-কমিটি প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে।	মশিবিম/সংশ্লিষ্ট উপ-কমিটি
২৬.	পদকের গায়ে পদকের জন্য মনোনীতদের নাম খোদাইয়ের ব্যবস্থা গ্রহণ	পদক প্রাপ্তদের নাম খোদাইয়ের কার্যক্রম চলমান রয়েছে। বেগম রোকেয়া স্বর্ণপদক তৈরি সংক্রান্ত সমন্বয় কমিটি পদকের গায়ে পদকের জন্য মনোনীতদের নাম খোদাইয়ের ব্যবস্থা গ্রহণ করবে।	বেগম রোকেয়া স্বর্ণপদক তৈরি সংক্রান্ত সমন্বয় কমিটি পদকের গায়ে পদকপ্রাপ্ত ব্যক্তিদের নাম খোদাইয়ের ব্যবস্থা গ্রহণ করবে।	সমন্বয় শাখা, স্বর্ণ পদক তৈরি সংক্রান্ত সমন্বয় কমিটি
২৭.	পদকের গুণগত মান পরীক্ষার জন্য বাংলাদেশ পরমানু শক্তি কমিশনের সার্টিফিকেট গ্রহণ	সার্টিফিকেট গ্রহণের কার্যক্রম চলমান রয়েছে।	স্বর্ণ পদক তৈরি সংক্রান্ত সমন্বয় কমিটি এবং পরমাণু শক্তি কেন্দ্রকে পত্র প্রেরণ করতে হবে।	মশিবিম
২৮.	পদক সংরক্ষণ ও ব্যবস্থাপনায় দায়িত্ব প্রদান	সংশ্লিষ্ট উপ-কমিটি প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে।	সংশ্লিষ্ট উপ-কমিটি প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে।	মশিবিম/ সংশ্লিষ্ট উপ-কমিটি
২৯.	স্মরণিকা, বুকলেট ও ক্রোড়পত্র প্রকাশ এবং পোস্টার মুদ্রণ সংক্রান্ত	ক্রোড়পত্র প্রকাশের বিষয়ে পত্রিকা নির্বাচন করার জন্য নথি উপস্থাপন করা হয়েছে। স্মরণিকা ও ক্রোড়পত্র মুদ্রণ সংক্রান্ত গঠিত কমিটি লেখা সংগ্রহ এবং অনুমোদনক্রমে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করবে। মহিলা বিষয়ক অধিদপ্তর পোস্টার মুদ্রণের প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করবে।	পত্রিকায় ক্রোড়পত্র প্রকাশের বিষয়ে পত্রিকা নির্বাচন করতে মাননীয় প্রতিমন্ত্রী মহোদয়ের সম্মতি গ্রহণ করতে হবে। স্মরণিকা ও ক্রোড়পত্র মুদ্রণ সংক্রান্ত গঠিত কমিটি লেখা সংগ্রহ এবং অনুমোদনক্রমে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করবে।	মশিবিম/ মবিঅ/ সংশ্লিষ্ট উপ-কমিটি
৩০.	অনুষ্ঠান চলাকালীন আইন শৃঙ্খলা রক্ষা	অনুষ্ঠান চলাকালীন আইন শৃঙ্খলা রক্ষার জন্য জননিরাপত্তা বিভাগে পত্র প্রেরণ করা হয়েছে।	অনুষ্ঠান চলাকালীন আইন শৃংখলা রক্ষার বিষয়ে জননিরাপত্তা বিভাগে পৃথক ভাবে পত্র প্রেরণ করতে হবে।	সমন্বয় শাখা,মশিবিম
৩১.	দেশব্যাপী বেগম রোকেয়া দিবস ২০২৩ উদ্‌যাপন	স্থানীয় জেলা/উপজেলা প্রশাসনের সাথে সমন্বয়ক্রমে মহিলা বিষয়ক অধিদপ্তর, বাংলাদেশ শিশু একাডেমি, জাতীয় মহিলা সংস্থা তাদের জেলা/উপজেলা পর্যায়ে দেশব্যাপী দিবসটি উদযাপনের জন্য দিক নির্দেশনা প্রদান করবে। এ বিষয়ে মন্ত্রিপরিষদ বিভাগে পত্র প্রেরণ করা হয়েছে।	স্থানীয় জেলা/উপজেলা প্রশাসনের সাথে সমন্বয়ক্রমে মহিলা বিষয়ক অধিদপ্তর, বাংলাদেশ শিশু একাডেমি, জাতীয় মহিলা সংস্থা তাদের জেলা/উপজেলা পর্যায়ে দেশব্যাপী দিবসটি উদযাপনের জন্য দিক নির্দেশনা প্রদান করবে। এ বিষয়ে মন্ত্রিপরিষদ বিভাগে পত্র প্রেরণ করতে হবে।	মশিবিম, মবিঅ, জামস ও বাশিএ

৩২.	আপ্যায়ন	মহিলা বিষয়ক অধিদপ্তর আপ্যায়ন কমিটি গঠন করে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে।	মহিলা বিষয়ক অধিদপ্তর আপ্যায়ন কমিটি গঠন করে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে।	মবিঅ
৩৩.	বাজেট	"বেগম রোকেয়া দিবস- ২০২৩ ও পদক প্রদান অনুষ্ঠানের যাবতীয় ব্যয়ভার মহিলা বিষয়ক অধিদপ্তর এ খাতে বরাদ্দকৃত অর্থ হতে নির্বাহ করবে।	বেগম রোকেয়া দিবস ও পদক প্রদান অনুষ্ঠানের যাবতীয় ব্যয় মহিলা বিষয়ক অধিদপ্তর এ খাতে বরাদ্দকৃত অর্থ হতে নির্বাহ করবে।	মবিঅ
৩৪.	ঢাকা মহানগরের বিভিন্ন গুরুত্বপূর্ণ স্থান সজ্জিতকরণ সংক্রান্ত	ঢাকা মহানগরের বিভিন্ন গুরুত্বপূর্ণ স্থান, সড়ক ও সড়ক দ্বীপ, ফেষ্টুন/বিল বোর্ড/ব্যানার সজ্জিতকরণ অনুমতি প্রদানের জন্য ঢাকা উত্তর ও দক্ষিণ সিটি কর্পোরেশনকে ২৬/১১/২০২৩ তারিখে পত্র প্রেরণ করা হয়েছে।	ঢাকা মহানগরের বিভিন্ন গুরুত্বপূর্ণ স্থান, সড়ক ও সড়ক দ্বীপ, ফেষ্টুন/বিল বোর্ড /ব্যান্যার সজ্জিতকরণ অনুমতি প্রদানের জন্য ঢাকা উত্তর ও দক্ষিণ সিটি কর্পোরেশনকে পত্র প্রেরণ করতে হবে।	সমন্বয় শাখা, মশিবিম
৩৫.	এ্যাম্বুলেন্সসহ মেডিকেল টীম	এ বিষয়ে ২৬/১১/২০২৩ তারিখে স্বাস্থ্য সেবা বিভাগে পত্র প্রেরণ করা হয়েছে।	অনুষ্ঠানের দিন এ্যাম্বুলেন্সসহ মেডিকেল টীম অনুষ্ঠানস্থলে প্রেরণের জন্য স্বাস্থ্য সেবা বিভাগে পত্র প্রেরণ করতে হবে।	সমন্বয় শাখা, মশিবিম
৩৬.	এসবি পাস	এসবি পাস সংক্রান্ত কার্যক্রম গ্রহণের বিষয়ে আলোচনা করা হয়।	এসবি পাস সংক্রান্ত সকল কার্যক্রম গ্রহণ করতে হবে।	মবিঅ
৩৭.	কোভিড টেস্ট	কোভিড টেস্টের জন্য কমিটি গঠন এবং প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ বিষয়ক অলোচনা করা হয়।	কোভিড টেস্টের জন্য কমিটি গঠন করতে হবে।	সংশ্লিষ্ট উপ-কমিটি

সভাপতি উপস্থিত সংশ্লিষ্ট সকল মন্ত্রণালয়/বিভাগের প্রতিনিধিবৃন্দকে মাননীয় প্রধানমন্ত্রীর সরাসরি উপস্থিতিতে আয়োজিত অনুষ্ঠান সফল করার জন্য পূর্বের ন্যায় এবারও সার্বিক সহযোগিতার অনুরোধ জানান। অত:পর আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জ্ঞাপনপূর্বক সভার সমাপ্তি ঘোষণা করেন।

০৬.১২.২০২৩

ফজিলাতুন নেসা ইন্দিরা এমপি
প্রতিমন্ত্রী
মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়

নং-৩২.০০.০০০০.০৪২.২৩.০১০.২৩.৩৭৯/৩১(২)

তারিখ ১৯ অগ্রহায়ন ১৪৩০
০৪ ডিসেম্বর ২০২৩

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১) মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (দৃ: আ: মো: শাফায়াত মাহবুব চৌধুরী, যুগ্মসচিব, মন্ত্রিপরিষদ বিভাগ)।
২) সিনিয়র সচিব, জননিরাপত্তা বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (দৃ: আ: মো: শফিকুল ইসলাম, সিনিয়র সহকারী সচিব, জননিরাপত্তা বিভাগ)।
৩) সিনিয়র সচিব, সিনিয়র সচিবের দপ্তর, তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪) সিনিয়র সচিব, বিদ্যুৎ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৫) সচিব, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা ।
৬) সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৭) সচিব, সুরক্ষা সেবা বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (দৃ: আ: আফরোজা আক্তার রিবা, উপসচিব, সুরক্ষা সেবা বিভাগ)।
৮) পুলিশ কমিশনার, ঢাকা মেট্রপলিটন পুলিশ, ঢাকা ।
৯) চেয়ারম্যান, জাতীয় মহিলা সংস্থা, ঢাকা।
১০) চেয়ারম্যান, চেয়ারম্যান এর দপ্তর, বাংলাদেশ শিশু একাডেমি, ঢাকা।
১১) ব্যবস্থাপনা পরিচালক, জয়িতা ফাউন্ডেশন, ঢাকা।
১২) মহাপরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তর, ঢাকা।
১৩) অতিরিক্ত সচিব (সকল), মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়,বাংলাদেশ সচিবালয়, ঢাকা ।
১৪) মহাপরিচালক, ডিএনএ ল্যাবরেটরী ব্যবস্থাপনা অধিদপ্তর, ঢাকা।, ঢাকা।
১৫) নির্বাহী পরিচালক, নির্বাহী পরিচালক এর দপ্তর, জাতীয় মহিলা সংস্থা, ঢাকা।
১৬) প্রধান নির্বাহী কর্মকর্তা, প্রধান নির্বাহী কর্মকর্তার দপ্তর, ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন, ঢাকা (দৃ: আ: মো: তাজনুর ইসলাম, প্রধান অডিট কর্মর্তা, ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন)।
১৭) প্রধান নির্বাহী কর্মকর্তা, প্রধান নির্বাহী কর্মকর্তার দপ্তর, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন, ঢাকা।
১৮) মহাপরিচালক , বাংলাদেশ টেলিভিশন, ঢাকা।
১৯) মহাপরিচালক, বাংলাদেশ বেতার, ঢাকা (দৃ: আ: মো: ছালাহ্ উদ্দিন, অতিরিক্ত মহাপরিচালক, বাংলাদেশ বেতার)।
২০) মহাপরিচালক, মহাপরিচালকের দপ্তর, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর, ঢাকা (দৃ: আ: ফয়সালুর রহমান, জোন কমান্ডার, এফ এস সি ডি)।
২১) প্রধান তথ্য অফিসার (অতিরিক্ত দায়িত্ব), তথ্য অধিদফতর, বাংলাদেশ সচিবালয়, ঢাকা ।
২২) যুগ্মসচিব (সকল), মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়,বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২৩) ড. প্রকাশ কান্তি চৌধুরী, প্রকল্প পরিচালক (নারী নির্যাতন প্রতিরোধকল্পে মাল্টিসেক্টরাল প্রজেক্ট), মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা।
২৪) মহাপরিচালক, মহাপরিচালক এর দপ্তর, বাংলাদেশ শিশু একাডেমি, ঢাকা।
২৫) জেলা প্রশাসক, জেলা প্রশাসকের কার্যালয়, ঢাকা।
২৬) পরিচালক, পরিচালকের দপ্তর, মহিলা বিষয়ক অধিদপ্তর, ঢাকা।
২৭) অতিরিক্ত পরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তর, ঢাকা।
২৮) জনাব এস. এম. লতিফ, প্রকল্প পরিচালক (এক্সিলারেটিং প্রটেকশন ফর চিলড্রেন প্রকল্প), বাংলাদেশ শিশু একাডেমি, ঢাকা।
২৯) সিনিয়র সহকারী সচিব, মবিঅ-১ শাখা, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩০) জনসংযোগ কর্মকর্তা, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা ।
৩১) সহকারী মেইনটেন্যান্স ইঞ্জিনিয়ার, আইসিটি শাখা, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (মন্ত্রণারয়ের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।

অনুলিপি [সদয় জ্ঞাতার্থে] ঃ

১. মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. সচিব মহোদয়ের একান্ত সচিব, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

০৪.১২.২০২৩

(আফরোজা বেগম)
সহকারী সচিব (সমন্বয়)
ফোন ঃ ৫৫১০০২৪১
ই-মেইল: sasadmn2@gmail.com